

## ডিসেম্বরে খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে আইসিসিআইটি-২০১৩ সম্মেলন

আগামী ২১ থেকে ২৩ ডিসেম্বর খুলনা বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে ১৬তম ইন্টারন্যাশনাল কনফারেন্স অন কম্পিউটার অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি (আইসিসিআইটি)। আইসিসিআইটি ২০১৩ শিরোনামের কম্পিউটার এবং তথ্য প্রযুক্তি বিষয়ক গুরুত্বপূর্ণ এ সম্মেলনটি ইতিমধ্যে বাংলাদেশে ১৫ বার অনুষ্ঠিত হয়েছে। গত বছর এ সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে।

১৩ জুন ঢাকার বেসিস মিলনাক্ষতনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ সম্পর্কে বিস্তারিত জানানো হয়। সংবাদ সম্মেলনে আইসিসিআইটি-২০১৩ সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন সম্মেলনের আয়োজক কমিটির প্রধান খুলনা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রযুক্তি (সিএসই) বিভাগের প্রধান অধ্যাপক ড. রামেশ্বর দেবনাথ। তিনি জানান, আইসিসিআইটি দেশের মধ্যে অনুষ্ঠিত সর্ববৃহৎ ও অতি পরিচিত তথ্যপ্রযুক্তি বিষয়ক সম্মেলন। ১৯৯৭ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় ন্যাশনাল কনফারেন্স অন কম্পিউটার অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (এনসিসিআইএস) নামে

একটি সম্মেলনের আয়োজন করে। পরবর্তীতে ১৯৯৮ সালে এটি আইসিসিআইটি নামে পরিচিত হয়। সম্মেলনে দেশের সব বিশ্ববিদ্যালয় ও সর্গস্ত্রী প্রতিষ্ঠান এবং আন্তর্জাতিকভাবে এ সম্মেলনে যোগদান করবেন বলে আশা করা যায়। এছাড়া দেশের বাইরের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও খ্যাতিনামা প্রতিষ্ঠানের অনেক গবেষক, শিক্ষক ও ছাত্রছাত্রী এই সম্মেলনে অংশ নেবেন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ডেফেন্ডিস ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) ডিসি অধ্যাপক এম লুৎফুর রহমান, ডিআইইউ'র সিএসই বিভাগের প্রধান অধ্যাপক ড. সৈয়দ আকতার হোসেন, আইসিসিআইটি কাউন্সিলের সাধারণ সম্পাদক মুনির হাসানসহ অনেকে। সম্মেলনে জানানো হয়, দেশে সরকারি-বেসরকারি মিলিয়ে মোট ১০৪টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সিএসই বিষয়ক ডিসিগ্রিনের সংখ্যা ১২৩টি। উল্লেখ্য, জর্নাস ও মাস্টার্স পর্যায়ের প্রত্যেক ছাত্রছাত্রীকে শেষ বর্ষে এসে বিভিন্ন প্রজেক্ট বা গবেষণামূলক কাজ করতে হয়। ■ অধিষ্টিতে